আমাদের সময়

তারিখ 15 DEC 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# কুবি ছাত্রলীগ সভাপতির পদ স্থগিত, ভারপ্রাপ্ত সভাপতি রুপম

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ● আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি নাজমুল হাসান আলিফের পদ স্থগিত করা হয়েছে। বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক জাকির হোসাইন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ কথা জানানো হয় বলে নিশ্চিত করেন কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ। একই সঙ্গে সহসভাপতি রুপম দেবনাথকে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব দেওয়া হয়।

জানা যায়, গত ৪ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চলাকালে কোটবাড়িতে ভর্তিচ্ছুদের শুভেচ্ছা জানিয়ে মিছিল করেন সভাপতি আলিফ ও সাধারণ সম্পাদক রেজা-ই-এলাহীর সমর্থকরা। এ নিয়ে দুপক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে আহত হন সাধারণ সম্পাদক সমর্থিত যুগ্ম সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম মাজেদসহ অন্তত ১০ জন। সংঘর্ষ থামাতে গেলে আলিফ সমর্থকদের হাতে লাঞ্ছিত হন কাজী নজরুল ইসলাম হলের প্রাধ্যক্ষ মেহেদী হাসান ও সহকারী প্রক্টর কাজী ওমর সিদ্দিকী রানা। সভাপতি আলিফ বহিরাগতদের নিয়ে তাদের ওপর হামলা করেন বলে অভিযোগ রয়েছে। এর প্রেক্ষিতে কেন্দ্রীয় ছাত্রলীগ তদন্ত শেষে আলিফের সভাপতি পদ স্থগিতের সিদ্ধান্ত নেয়।